

💵 অতি গুরুত্বপূর্ণ কতিপয় প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্নসমূহ এবং তার উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

চতুর্থ প্রশ্ন: আল্লাহ সমস্ত সৃষ্টির উর্ধের্ব এবং তিনি 'আরশে উপবিষ্ট এ ব্যাপারে আপনার মতামত কী?

উত্তর: আমরা জানি আমাদের রব মহান আল্লাহ সবদিক থেকে উধের্ব ও উপরে। স্বত্বাগত দিক থেকে তিনি সবার উধের্ব। ক্ষমতা ও গুণের দিক থেকেও সবার উধের্ব। তিনি শক্তি ও পরাক্রমশালিতায়ও সবার উধের্ব। তিনি সৃষ্টিকুল থেকে সম্পূর্ণ আলাদা। তিনি আমাদেরকে যেভাবে বলেছেন সেভাবে তিনি 'আরশে উপবিষ্ট আছেন। তাঁর উপবিষ্টটা আমাদের জ্ঞাত, কিন্তু উপবিষ্টের ধরণ আমাদের অজ্ঞাত। তিনি কুরআনে আমাদেরকে বলেছেন, তিনি 'আরশে উপবিষ্ট, তবে কীভাবে উপবিষ্ট তা আমাদেরকে বলেন নি। এভাবেই আমরা আল্লাহর অন্যান্য সিফাতের ব্যাপারে বলব যে, তিনি সেগুলো সম্পর্কে আমাদেরকে সংবাদ দিয়েছেন, তবে সেগুলোর ধরণ সম্পর্কে তিনি কিছু বলেন নি। অতএব, আমাদের কর্তব্য হলো আল্লাহ তাঁর কিতাবে এবং তাঁর নবী মুহাম্মাদ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর সম্পর্কে যা বলেছেন সেগুলোর প্রতি যেভাবে এসেছে সেভাবেই ঈমান আনব এবং এ সম্পর্কে বেশি বা কম কিছু করব না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10501

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন